

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৫২: অসীলা কত প্রকার?

অসীলা বা মাধ্যম ধরা দুই প্রকারঃ

১. বৈধ অসীলাঃ সং আমলকে আল্লাহ্র নৈকট্য লাভের অসীলা বা মাধ্যম হিসাবে গ্রহণ করার নাম বৈধ অসীলা। আর যে কোনো আমল সং হওয়ার জন্য শর্ত হচ্ছে, শুধুমাত্র আল্লাহ্র সম্ভৃষ্টির জন্য তা সম্পাদন করা এবং তাতে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম প্রদর্শিত পদ্ধতি তথা সুন্নাতের অনুসরণ থাকা। যেমন, আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি বিশ্বাস স্থাপনকে অসীলা হিসাবে গ্রহণ, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাতের অনুসরণকে অসীলা হিসাবে গ্রহণ অথবা আল্লাহ্র জন্য একনিষ্ঠ যে কোনো আমলকে অসীলা হিসাবে গ্রহণ। এই অসীলা সম্পর্কেই মহান আল্লাহ বলেন,

﴿ وَٱبناتَغُوا إِلَياهِ ٱلنَّوسِيلَةَ ﴾ [المائدة: ٣٥]

"আর তোমরা তাঁর অসীলা অম্বেষন কর" (মায়েদাহ ৩৫)। সুতরাং কেউ এভাবে প্রার্থনা করতে পারে, "হে আল্লাহ! আপনার প্রতি আমার একনিষ্ঠতা এবং আমা কর্তৃক আপনার রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর আনুগত্যের মাধ্যমে আপনি আমাকে সুস্থতা ও রিঘিক্ব দান করুন। যেমনটি পাহাড়ের গুহায় আশ্রয় নেওয়া তিন ব্যক্তিকে একখণ্ড পাথর এসে গুহায় আটকিয়ে দিলে তারা তাদের সৎ আমলকে মাধ্যম হিসাবে গ্রহণ করে গুহার মুখ থেকে পাথর সরিয়ে দেওয়ার জন্য মহান আল্লাহ্র নিকট প্রার্থনা করেছিলেন এবং আল্লাহ তাদের প্রার্থনা কবূল করেছিলেন" (বুখারী)।

অনুরূপভাবে কোনো সৎ ব্যক্তির দো'আকে অসীলা বা মাধ্যম হিসাবে গ্রহণ করা বৈধ। যেমনিভাবে সাহাবীগণ (রাদিয়াল্লাহু 'আনহুম) বৃষ্টি প্রার্থনার জন্য আব্বাস (রাদিয়াল্লাহু 'আনহু)-এর দো'আর শরণাপন্ন হয়েছিলেন এবং আল্লাহ তাঁদের জন্য বৃষ্টি বর্ষণ করেছিলেন (বুখারী)।

২. অবৈধ অসীলাঃ আল্লাহ বা তাঁর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত নয়- এমন অসীলাকে অবৈধ অসীলা বলে। যেমনঃ মৃত ব্যক্তিকে অসীলা হিসাবে গ্রহণ করে তার কাছে সাহায্য ও শাফা'আত চাওয়া। আর এই অসীলা হারাম হওয়ার ব্যাপারে ইমামগণ ঐকমত্য পোষণ করেছেন- যদিও গৃহীত সেই অসীলা নবী কিংবা অলী হন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1537

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন